

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

www.mopme.gov.bd

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১.	ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখার অধীনে একটি Store (ভান্ডার) রয়েছে। দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য এতে আনুমানিক ১১০ প্রকারের মালামাল রয়েছে। Store (ভান্ডার) এ ম্যানুয়াল পদ্ধতিতে মালামাল গ্রহণ, ইস্যু ও সমাপনী মজুদ করা হয়। এ পদ্ধতিতে জরুরি প্রয়োজনে তাৎক্ষণিক মালামালের পরিমাণ ও মূল্য প্রদান করা জটিল ও সময় সাপেক্ষ। এছাড়াও ম্যানুয়াল পদ্ধতিতে ভান্ডার ব্যবস্থাপনায় বিভিন্ন ধরনের ভুলত্রুটি ও অনিয়ম হওয়ার সম্ভাবনা থাকে। ভান্ডার ব্যবস্থাপনায় 'ই-স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম' এর কার্যক্রমটি বাস্তবায়ন করা হলে এর মাধ্যমে ভান্ডারের যাবতীয় মালামাল গ্রহণ, ইস্যু ও সর্বশেষ মালামালের অবস্থা খুব সহজেই পাওয়া যাবে। এতে একদিকে Store (ভান্ডার) এ মালামালের ঘাটতি হবে না অন্যদিকে মালামাল গ্রহণকারী হালনাগাদ মালামালের মজুদের অবস্থা বিবেচনা করে তীর মালামালের রিকুইজেশন দিতে পারবেন। 'ই- স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম' এর মাধ্যমে ভান্ডার	সেবাটি কার্যকর আছে	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	http://180.211.137.132/store	

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী খারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
		ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে এবং TCV কমবে।				
০২.	বহিঃবাংলাদেশ ছুটি ব্যবস্থাপনা সিস্টেম	প্রাথমিক শিক্ষায় মাঠ পর্যায়ের কর্মরত ১ম ও ২য় শ্রেণির কর্মকর্তাদের বিভিন্ন কারণে বিদেশ ভ্রমণ করতে হয়। এজন্য বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের প্রয়োজন হয় এবং হাতে হাতে আবেদনের মাধ্যমে মন্ত্রণালয় থেকে অনুমোদন নিতে হয়। বিদ্যমান পদ্ধতিটি অনুসরণ করলে অনেক সময় ক্ষেপণ হয় বিধায় অল্প সময়ে দ্রুত কাজটি সম্পাদনের জন্য অনলাইনে বহিঃবাংলাদেশ ছুটি ব্যবস্থাপনা সিস্টেমটি চালু করা হয়েছে।	সেবাটি কার্যকর আছে	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	http://180.211.137.132/mopme/public	
০৩.	মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পিডিএস	প্রাথমিক শিক্ষায় মাঠ পর্যায়ের জেলা এবং উপজেলার সকল ১ম শ্রেণির কর্মকর্তাদের PDS (Personal Database System) না থাকায় তাদের বদলি, পদোন্নতি, প্রশিক্ষণ এবং পিআরএলসহ নানাবিধ সেবা প্রদান বাঁধাগ্রস্ত হয়। একটি PDS তৈরি করা হলে তাদের বদলি, পদোন্নতি, প্রশিক্ষণ এবং পিআরএল সংক্রান্ত যাবতীয় সেবা প্রদান করা সহজ হবে।	সেবাটি কার্যকর আছে	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	http://ais.dpe.gov.bd	

ক্রমিক নং	ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম	সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবা/আইডিয়ার কার্যকর আছে কি-না/না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০৪	প্রকল্প ব্যবস্থাপনা সিস্টেম	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকল্প পরিচালিত ও বাস্তবায়িত হয়ে থাকে। কিন্তু প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্পের তথ্য যথাযথভাবে সংরক্ষণ না থাকায় বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হয় এবং চলমান প্রকল্পসমূহের তথ্যাদিও সঠিকভাবে পাওয়া যায়না। এজন্য প্রকল্প ব্যবস্থাপনা সিস্টেম (Project Management System) সফটওয়্যারটি তৈরির আইডিয়া গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে প্রকল্পসমূহের তথ্যাদি যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হবে।	সেবাটি কার্যকর আছে	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন।	http://103.84.36.246:8800/mopme	